সেপ্টেম্বর ২০১৬ ভাদ্র-আশ্বিন ১৪২৩ জিলক্বদ-জিলহজ্ব ১৪৩৭ বর্ষ ০৪ সংখ্যা ০৯

# এস ই এল বার্তা

www.sel.com.bd The Structural Engineers Ltd. এর মুখপত্র e-mail : info@sel.com.bd

## আল-কুরআনের বাণী



"যার পথ খরচের সম্বল আছে তার জন্যই আল্লাহ্‌র এ ঘরে হজ্জ সম্পাদন করা ফরয। বস্তুতঃ যারা এ নির্দেশ পালনে অস্বীকার করবে (তাদের জেনে রাখা উচিত যে,) নিশ্চিয়ই আল্লাহ্‌ সমগ্র সৃষ্টি জগতের কারও মুখাপেক্ষী নন।"

– সূরা আল-ইমরান, আয়াত ৯৭

"যে ব্যক্তি কাউকে (নিরপরাধ) হত্যা করলো সে যেন দুনিয়ার সব মানুষকেই হত্যা করলো। আর কেউ যদি কারো প্রাণ রক্ষা করলো সে যেন সব মানুষের প্রাণ রক্ষা করলো।"

- সূরা মায়েদা, আয়াত-৩২

## আল-হাদীসের বাণী



হযরত আবু সাঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসুলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে ভাষণ দিতে গিয়ে বলেছেন– "আল্লাহ্‌ তা'য়ালা তোমাদের উপর হজ্জ ফরয করেছেন। সুতরাং তোমরা অবশ্যই হজ্জ পালন করবে।"

- মুসলিম শরীফ

### আধুনিক ব্যবসার দ্বার উন্মোচন করবে

# এস.ই.এল. হক স্কাইপার্ক



**এস.ই.এল. বার্তা ডেস্ক ঃ** রাজধানী ঢাকার গুরুত্বপূর্ণ একটি স্থান শ্যামলী। এর চারিদিক ঘিরে রয়েছে নানা অফিস, স্কুল-কলেজ, হাসপাতাল ও আবাসিক এলাকা। এমন একটি গুরুত্বপূর্ণ এলাকায় গড়ে উঠছে এস.ই.এল. এর নতুন বাণিজ্যিক প্রকল্প "এস.ই.এল. হক স্কাইপার্ক"। প্রকল্পের পূর্বদিকে আগারগাঁ-এ অবস্থিত দেশী-বিদেশী সরকারি একাধিক অফিস ও হাসপাতাল। পশ্চিমে রয়েছে স্কুল কলেজ, পার্কসহ দেশী-বিদেশী গুরুত্বপূর্ণ এনজিও অফিস। উত্তরে রয়েছে প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং খেলার মাঠসহ দেশের বিভিন্ন বিভাগ ও জেলা শহরে যাতায়তের গুরুত্বপূর্ণ বাস কাউন্টার। দক্ষিণে রয়েছে বেশ কয়েকটি সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজ এবং একাধিক নামকরা সুপ্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠান। এছাড়াও প্রকল্পটির সামনে অবস্থিত দৃষ্টিনন্দন শিশুমেলা এবং গাঘেষে অবস্থিত দুটি প্রাইভেট বিশ্ববিদ্যালয়। সবকিছু মিলিয়ে এটি বহুমানুষের একটি মিলনস্থল। এমন একটি জায়গায় দৃষ্টিনন্দন ডিজাইনে গড়ে উঠছে ১৪ (চৌদ্দ) তলা বিশিষ্ট এস.ই.এল. হক স্কাইপার্ক। ভবনটি আরসিসি ফ্রেম স্ট্রাকচারে নির্মিত। ভবনটির সেমি-বেইজমেন্টে গাড়ি পার্কিং ও পানি সংরক্ষনের ব্যবস্থা রয়েছে। প্রথম ও দ্বিতীয় বেইজমেন্টে গাড়ি পার্কিং, ড্রাইভারদের বিশ্রামাগার ও পানি সংরক্ষনের ব্যবস্থা রয়েছে। এছাড়াও গ্রাউন্ড ফ্লোরে রয়েছে প্রবেশ দ্বার, কমার্শিয়াল স্পেস, রিসেপশন ডেস্ক ও কেয়ারটেকার রুম ইত্যাদি। প্রকল্পের প্রথম তলা থেকে চৌদ্দতম তলা পর্যন্ত অফিস ও কমার্শিয়াল স্পেসের জন্য নির্ধারিত। প্রকল্পটির গ্রাউন্ড ফ্লোরে অফিস এবং শো-রুমের জন্য ৬২৫ বর্গফুট ও ২৬০০ বর্গফুট আয়তনের দুটি ইউনিট রয়েছে। প্রথম ও দ্বিতীয় ফ্লোরে রয়েছে ৪৬০৭ বর্গফুট আয়তনের অফিস স্পেস। তৃতীয় তলায় রয়েছে ২২৩৮ বর্গফুট ও ২৩৬৮ বর্গফুট আয়তনের অফিস স্পেস। চতুর্থ তলা থেকে চৌদ্দতলা পর্যন্ত রয়েছে ৯৮০, ১০৫২, ১২৫৯ ও ১৩১৬ বর্গফুটের চারটি করে অফিস স্পেস। পুরো ভবনটি নির্মাণে গুনগত মানসম্পন্ন মালামাল ব্যবহার করা হয়েছে। অভিজ্ঞ ইঞ্জিনিয়ারদের তত্ত্বাবধায়নে নির্মিত এস.ই.এল. হক স্কাইপার্ক শ্যামলী এলাকায় ব্যবসার নতুনমাত্রা যোগ করবে।

ভবনটির রাজউক অনুমোদন নম্বর- উঃনিঃ/৩সিঃবি-১০০৫/১২/১৬০৬/ স্থাঃ, তারিখ- ১৩/১১/২০১২ইং। ঠিকানা ঃ প্লট নং- ২৩/২, ব্লক-বি, খিজলী রোড, মোহাম্মদপুর, শ্যামলী, ঢাকা-১২০৭। যোগাযোগ ঃ এস.ই.এল. সেন্টার, ২৯, বীর উত্তম কাজী নুরউজ্জামান সড়ক, পশ্চিম পান্থপথ, ধানমন্ডি, ঢাকা। ফোন ঃ ৯১১৬৫৭২, ০৯৬৬৬৭৭৩৩৪৪, ফ্যাক্স ঃ ৯১২৬৬৫১৫, ই-মেইল ঃ info@sel.com.bd

মাত্র ১৭ লক্ষ টাকা
নিজস্ব বিনিয়োগে অত্যাধুনিক ফ্ল্যাট
* শর্ত প্রযোজ্য

সুবিধাসমূহ
* বাচ্চাদের খেলার জায়গা * জিমনেসিয়াম কাম কমিউনিটি রুম * ফুলের বাগান
* ২টি লিফট * ডিপ টিউবওয়েল * ফুল হাউজ জেনারেটর * পার্কিং * অন্যান্য

সাইজ ১২৬২-১৫০৫ বর্গফুট
এনাম মেডিকেলের কাছে
কোলাহলমুক্ত পরিবেশ

SEL Camellia
কলেজ রোড, সাভার

01819 55 80 88
www.sel.com.bd



## অগ্নি নির্বাপন প্রশিক্ষণ কর্মশালা



**এস.ই.এল. বার্তা ডেস্ক ঃ** সম্প্রতি রাজধানীসহ দেশের বড় বড় শহরে গ্যাসের লাইন, চুলা বিস্ফোরণ এবং ইলেকট্রিক শর্টসার্কিট থেকে অগ্নিকান্ডের ঘটনা ঘটছে। অথচ কিছু সতর্কতা অবলম্বন করলে এ ধরনের অনাকাঙ্খিত দুর্ঘটনা এড়ানো সম্ভব। তাছাড়া অগ্নিকান্ডের সময় করণীয় সম্পর্কে পূর্বে থেকেই সচেতন ও প্রস্তুত থাকলে এবং প্রত্যেকেই নিজ নিজ অবস্থান থেকে যথাযথ দায়িত্ব পালন করলে আগুন নিয়ন্ত্রণে রাখা এবং ক্ষয়-ক্ষতি অনেকটাই হ্রাস করা সম্ভব।

অভ্যন্তরীণ নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে SEL এর 'পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য' শাখার উদ্যোগে কোম্পানীর 'সিনিয়র কেয়ারটেকার, সিনিয়র ফটোকপি মেশিন অপারেটর, সিনিয়র টেকনিশিয়ান, সিনিয়র অফিস এ্যাটেনডেন্ট, জুনিয়র টেকনিশিয়ান, অফিস এ্যাটেনডেন্ট, সিনিয়র গার্ড, ক্লিনার, কুক ও গার্ডেনার" পদবীধারীদের নিয়ে "Fire Fighting, Prevention & Rescue" বিষয়ক হাতে কলমে প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন শেখ আব্দুর রহমান, এক্সিকিউটিভ (সেফটি এন্ড হেলথ)। কোম্পানীর ব্যবস্থাপনায় অগ্নিকান্ডের সময় করণীয় সম্পর্কে কোম্পানীর হস্তান্তরিত প্রকল্পসমূহে বসবাসকারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে Fire Extinguisher এর Inspection Check Card সহ এর যত্ন ও যথাযথ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত দুটি লিফলেট সকল প্রকল্পে প্রেরণ করা হয়।

## রুটিন সার্ভিলেন্স অডিট এবং ISO 9001:2008 সনদ

**এস.ই.এল. বার্তা ডেস্ক ঃ** ২০০৬ থেকে ২০০৯ইং সাল পর্যন্ত সুদীর্ঘ একটি সময় ধরে বিভিন্ন নিয়ম-নীতি প্রণয়ন ও বাস্তবায়নের মধ্য দিয়ে দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (SEL) কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম (QMS) এর উপর ISO 9001:2008 সনদ' অর্জন করে। যা তৃতীয় মেয়াদের জন্য নবায়ন প্রাপ্তির মধ্য দিয়ে গত ০২ মার্চ, ২০১৬ সালে সপ্তম বছরে পদার্পণ করলো। সনদটির যথার্থ মর্যাদা রক্ষা এবং সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করণার্থে নিয়মিতভাবে Internal ও External Auditor দ্বারা প্রতিষ্ঠানে বিদ্যমান বিভিন্ন Process Audit করানো হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় গত ০৩ ও ০৪ আগস্ট, ২০১৬ তারিখে রুটিন সার্ভিলেন্স (এক্সটারনাল) অডিট-১, ২০১৬ সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য, SEL কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে এবং এর আরও উন্নয়নে কর্মক্ষেত্রে জাপানী চিন্তাধারায় Total Quality Managment (TQM) চর্চা করে আসছে।

# নতুন প্রকল্প চুক্তি স্বাক্ষর



গত জুন ০৫, ২০১৬ইং তারিখে প্লট নং- ৪১, ৪৩, ৪২ ও ৪৪, রোড নং- ০৬, ০৭ ও ০১, সেক্টর-১১, উত্তরা আবাসিক এলাকা, ঢাকায় "এস.ই.এল." এর নতুন আবাসিক প্রকল্প নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## শিক্ষা কার্যক্রমে এস.ই.এল.



চাঁদপুরস্থ মোল্লাকান্দি লালমিয়া পাইলট হাইস্কুল এন্ড কলেজ এর একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের 'নবীন বরণ-২০১৬' অনুষ্ঠানে দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।



'গ্রীণ ক্লাব' চান্দ্রাকান্দি, মতলব কর্তৃক আয়োজিত 'মরহুম ইঞ্জিঃ এম.এ. মতিন ট্যালেন্ট হান্ট' প্রতিযোগিতায় বৃত্তিপ্রাপ্তদের মাঝে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল। উল্লেখ্য, মরহুম ইঞ্জিঃ এম.এ. মতিন, ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল সাহেব এর শ্রদ্ধেয় বড় ভাই এবং দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর উপদেষ্টা ছিলেন।

## অনুপ্রেরণা




দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (এস.ই.এল.) এর 'শ্রমজীবি ক্রিকেট দল' এর কয়েকজন সদস্যের নিকট ক্রিকেট খেলার সামগ্রী উপহারস্বরূপ আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন জনাব মোঃ মকবুল হোসেন, জেনারেল ম্যানেজার (এ্যাডমিনিস্ট্রেশন এন্ড সার্ভিসেস) [সর্ববামে]।

# নতুন প্রকল্প উদ্বোধন ও মিলাদ




গত মার্চ ১০, ২০১৬ইং তারিখে প্লট নং- ৫০৮, ৫৭০ ও ৫৭১, শেওড়াপাড়া, মিরপুর, ঢাকায় "এস.ই.এল. রোজেন প্যারাডাইস" নামক আবাসিক প্রকল্পের নির্মাণের কাজ শুরু করা হয়। এ উপলক্ষে উক্ত প্রকল্পে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়।



গত মার্চ ২৪, ২০১৬ইং তারিখে প্লট নং- ১১২/৭বি, বস্ত্র কালভার্ট রোড, শান্তি নিকেতন, মহাখালী দক্ষিণপাড়া, ঢাকায় "এস.ই.এল." এর নতুন আবাসিক প্রকল্পের নির্মাণের কাজ শুরু করা হয়। এ উপলক্ষে উক্ত প্রকল্পে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়।




গত এপ্রিল ২৩, ২০১৬ইং তারিখে প্লট নং- ১১৩, সিদ্ধেশ্বরী, রমনা, ঢাকায় "এস.ই.এল. আনোয়ারা প্যালেস" নামক আবাসিক প্রকল্পের নির্মাণের কাজ শুরু করা হয়। এ উপলক্ষে উক্ত প্রকল্পে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়।



গত মে ১৯, ২০১৬ইং তারিখে প্লট নং- ১৩, রোড নং- ০৭, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকায় "এস.ই.এল. ভূঁইয়া পার্ক" নামক আবাসিক প্রকল্পের নির্মাণের কাজ শুরু করা হয়। এ উপলক্ষে উক্ত প্রকল্পে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়।




গত জুন ০৪, ২০১৬ইং তারিখে প্লট নং- ৩০৬, এলিফ্যান্ট রোড, নিউ মার্কেট, ঢাকায় "এস.ই.এল. আনারিব" নামক আবাসিক প্রকল্পের নির্মাণের কাজ শুরু করা হয়। এ উপলক্ষে উক্ত প্রকল্পে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

# প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন ও পরিচিতি অনুষ্ঠান




গত ফেব্রুয়ারি ০১, ২০১৬ইং তারিখে প্লট নং- ২৬/৬, পলবী, মিরপুর, ঢাকা-১২১৬ **"এস.ই.এল. সালওয়ান"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত মার্চ ১৯, ২০১৬ইং তারিখে প্লট নং- ২৩, নজরুল ইসলাম এভিনিউ, অশোকতলা, কুমিল্লায় **"এস.ই.এল. শামসুন্ লোটাস গ্লোরী"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর পরিচালক (কারিগরী), জিএম (মার্কেটিং এন্ড ফাইন্যান্স) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত ফেব্রুয়ারি ২৭, ২০১৬ইং তারিখে প্লট নং- ০৮, রোড নং- ১/এ, সেক্টর- ১৩, উত্তরা ঢাকায় **"এস.ই.এল. মধুরিমা"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত এপ্রিল ০৮, ২০১৬ইং তারিখে প্লট নং- ৬৪, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকায় **"এস.ই.এল. নিসা আহসান টাওয়ার"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত মার্চ ০৮, ২০১৬ইং তারিখে প্লট নং- ২/১৭, ব্লক- বি, বাবর রোড, মোহাম্মদপুর, ঢাকায় **"এস.ই.এল. রবিনাজ ড্রিম"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত মে ১২, ২০১৬ইং তারিখে প্লট নং- ৪০৮, ব্লক- বি, খিলগাঁও পুনর্বাসন জোন, মালিবাগ চৌধুরী পাড়া, ঢাকায় **"এস.ই.এল. আশরাফ হেরিটেজ"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত মার্চ ১৮, ২০১৬ইং তারিখে প্লট নং- ১৭৮/১৬০, বাগিচাগাঁও, কুমিল্লায় **"এস.ই.এল. পান্থনিবাস"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর পরিচালক (কারিগরী), জিএম (মার্কেটিং এন্ড ফাইন্যান্স) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত মে ১৪, ২০১৬ইং তারিখে প্লট নং- ২৮২, ব্লক- বি, বসুন্ধরা আ/এ, ঢাকায় **"এস.ই.এল. আশা নিলয়"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত মার্চ ১৯, ২০১৬ইং তারিখে প্লট নং- ১৮১/১৭০, পুলিশ লাইন, জেল রোড, কুমিল্লায় **"এস.ই.এল. সাবিহা হাইটস্"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর পরিচালক (কারিগরী), জিএম (মার্কেটিং এন্ড ফাইন্যান্স) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত জুলাই ২০, ২০১৬ইং তারিখে প্লট নং- ৩৮/১, রোড নং- ০৪, শ্যামলী, ঢাকায় **"এস.ই.এল. শ্যামল ছায়া"** নামক আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



# এস.ই.এল. কোয়ালিটি ও কমিটমেন্ট এর মাধ্যমে আমার আস্থা অর্জন করেছে

**ডাঃ এ.টি.এম. নজরুল ইসলাম**
শিশুরোগ বিশেষজ্ঞ
সম্মানিত ল্যান্ডওনার, নিকেতন নাইস, গুলশান-১, ঢাকা।

ডাঃ এ.টি.এম. নজরুল ইসলাম ১৯৫০ সালে জন্ম গ্রহণ করেন। তিনি চট্টগ্রাম মেডিকেল কলেজ থেকে ১৯৭৫ সালে এমবিবিএস ডিগ্রী অর্জন করতঃ ১৯৭৬ সালে ঢাকা মেডিকেল কলেজে শিক্ষক হিসেবে যোগদানের মাধ্যমে কর্মজীবন শুরু করেন। ১৯৭৮ সালে সৌদি সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয়ে চাকুরি নিয়ে সৌদিআরবে গমন করেন। কর্মজীবনের দক্ষতা বৃদ্ধির জন্য ১৯৮৫ সালে লন্ডন থেকে ডি.সি.এইচ ডিগ্রী অর্জন করেন। তিনি আমাদের 'নিকেতন নাইস' এর সম্মানিত ল্যান্ডওনার। এস.ই.এল. এর ব্যবসায়িক কার্যক্রম নিয়ে তার সাথে কথা বলেছেন- **আমানুল্লাহ নোমান**

**এস.ই.এল. বার্তা ঃ** এস.ই.এল. এর সাথে পরিচয়ের সূত্রপাত সম্পর্কে বলুন।

**ডাঃ এ.টি.এম. নজরুল ইসলাম ঃ** এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ আব্দুল আউয়াল সাহেব এর সাথে আমার ছোট ভাই মরহুম ইঞ্জিনিয়ার এ.জেড.এম. আমিরুল ইসলাম ও ইঞ্জিনিয়ার কফিল উদ্দিন আহমেদ এর পূর্ব পরিচয় ছিল। একসময় ওনারা একসাথে বিসিএল এ কর্মরত ছিলেন। আমি যখন সৌদি আরবে ছিলাম তখন বাংলাদেশে ফ্ল্যাট নির্মাণের ধারনাটি আজকের মতো এতটা বিকশিত হয়নি। আমি ওনাদের কাছে দেশে ভালো এবং বিশ্বস্ত একজন ডেভেলপারের সন্ধান চেয়েছিলাম। ওনারা আমাকে ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল সাহেবের কাছে নিয়ে আসলেন। তখন এস.ই.এল. অফিস ছিল এ্যালিফ্যান্ট রোডে। এভাবেই এস.ই.এল. এর সাথে আমার পরিচয়ের সূত্রপাত।

*এস.ই.এল. এর কোয়ালিটি ও কমিটমেন্ট খুব ভালো। যা বলেছে তা করেছে। ঢালাইগুলো পাথরের দেয়ার কথা বলেছে তা দিয়েছে। যে সময়ে হস্তান্তর করার কথা বলেছে ঠিক সে সময়ে হস্তান্তর করেছে। প্রজেক্ট হস্তান্তরের ক্ষেত্রে কোন কালক্ষেপন করেনি*

**এস.ই.এল. বার্তা ঃ** ডেভেলপার হিসেবে এস.ই.এল.-কে কেন পছন্দ করলেন?

**ডাঃ এ.টি.এম. নজরুল ইসলাম ঃ** নিকেতনে এস.ই.এল. এর 'নিকেতন নেস্ট' নামে একটি প্রজেক্ট আছে। প্রজেক্টটি দেখে আমার কাছে খুব ভালো লেগেছিল। ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল সাহেবের সাথে কথা বলে তাকে আমার খুব নির্ভরযোগ্য মনে হয়েছে। এসব মিলিয়ে আমি এস.ই.এল.-কে পছন্দ করেছি।

**এস.ই.এল. বার্তা ঃ** এস.ই.এল. এর কোয়ালিটি ও কমিটমেন্ট সম্পর্কে কিছু বলুন।

**ডাঃ এ.টি.এম. নজরুল ইসলাম ঃ** এস.ই.এল. এর কোয়ালিটি ও কমিটমেন্ট খুব ভালো। যা বলেছে তা করেছে। ঢালাইগুলো পাথরের দেয়ার কথা বলেছে তা দিয়েছে। যে সময়ে হস্তান্তর করার কথা বলেছে ঠিক সে সময়ে হস্তান্তর করেছে। প্রজেক্ট হস্তান্তরের ক্ষেত্রে কোন" কালক্ষেপন করেনি। আমার বাড়ির কাজ যখন চলছিল তখন আমি প্রথম প্রথম কয়েকবার সাইটে গিয়েছিলাম। কাজ দেখে আমি সন্তুষ্ট এবং আশ্বস্ত হয়েছি। পরবর্তীতে আর আমি সাইটের যাওয়ার প্রয়োজনবোধ করিনি। আমার এ আস্থা এস.ই.এল. অর্জন করেছে তার কাজের কোয়ালিটি ও কমিটমেন্ট এর মাধ্যমে।

**এস.ই.এল. বার্তা ঃ** এস.ই.এল. এর কোন দিকটি আপনার কাছে সবচেয়ে ভালো লেগেছে?

**ডাঃ এ.টি.এম. নজরুল ইসলাম ঃ** এস.ই.এল. এর কমিটমেন্ট এর বিষয়টি খুব গুরুত্ব দেয়। কথা দিয়ে কথা রাখে। আর চলমান আফটার সেলস্ সার্ভিস অত্যন্ত সন্তোষজনক। আমার 'নিকেতন নাইস' বাড়িতে আমি থাকি না। সব ফ্ল্যাট ভাড়া দেয়া। ওখানে ভাড়াটিয়ারা যারা আছে তারা সকলেই আফটার সেলস্ সার্ভিসে অত্যন্ত সন্তুষ্ট।

**এস.ই.এল. বার্তা ঃ** এস.ই.এল. জন্য আপনার পরামর্শ কী?

**ডাঃ এ.টি.এম. নজরুল ইসলাম ঃ** এস.ই.এল. এখন অনেক বড় প্রতিষ্ঠান। এ পর্যন্ত আস্থা ও সুনামের সাথে ব্যবসা করে আসছে। এখন কাজ হচ্ছে অর্জিত আস্থা ও সুনাম ধরে রাখা। দক্ষতার সাথে অর্জিত সুনাম ধরে রাখতে পারলে ভবিষ্যতে এস.ই.এল. আরো অনেকদূর এগিয়ে যাবে ইনশা-আল্লাহ।

## বন্যার্তদের সাহায্যে এস.ই.এল.



দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (এস.ই.এল) এর উদ্যোগে বন্যা কবলিত এলাকায় বন্যার্তদের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ করা হয়। ছবিতে কুড়িগ্রাম জেলার উলিপুর থানার আঠারো পাইকা গ্রামে বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চাল বিতরণ করা হয়।

## প্রশিক্ষণ কর্মশালা




গত মে ২৯ ও ৩০, ২০১৬ইং তারিখে দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (এস.ই.এল) এর প্রধান কার্যালয়ে "Emotional Intelligence for Business Success and Life Fulfillment" (দ্বিতীয় পর্ব) এর উপর দুই দিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় এস.ই.এল. এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক, পরিচালকদ্বয়, বিভিন্ন ডিপার্টমেন্ট ও সেকশন প্রধানসহ অন্যান্য কর্মকর্তাগণ অংশ নেন। নিউজিল্যান্ড ভিত্তিক ট্রেনিং একাডেমি "Workplace Skills Development Academy of New Zealand (WSDA)" প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

## উচ্চ শিক্ষা অর্জনে বিদেশ গমন




দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (এস.ই.এল) এর ব্যবস্থাপনা পরিচালক, ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল এর জ্যেষ্ঠ সন্তান কোম্পানীর পরিচালক ইঞ্জিঃ এ.কে.এম. আব্দুল্লাহ উচ্চশিক্ষা গ্রহণের উদ্দেশ্যে কানাডা গমন উপলক্ষে এস.ই.এল. পরিবারের সর্বস্তরের সদস্যবৃন্দের উদ্যোগে "শুভ কামনা ও দু'আ অনুষ্ঠান" এর আয়োজন করা হয়। অনুষ্ঠানে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক, পরিচালকদ্বয়, পরিচালক (কারিগরী) সহ বিভিন্ন ডিপার্টমেন্ট ও সেকশন প্রধান এবং সর্বস্তরের সদস্যগণ উপস্থিত ছিলেন। এতে সকলের পক্ষ থেকে পরিচালক ইঞ্জিঃ এ.কে.এম. আব্দুল্লাহ-কে ফুল দিয়ে শুভকামনা জানান ব্যবস্থাপনা পরিচালক, ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল।

## ঈদ সামগ্রি বিতরণ



পবিত্র ঈদ-উল-ফিত্র উপলক্ষে দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (এস.ই.এল) এর উদ্যোগে 'আপন ফাউন্ডেশন' এর তত্ত্বাবধানে পথ শিশুদের মাঝে এবং 'বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর ফাউন্ডেশন' এর তত্ত্বাবধানে দরিদ্র মানুষের মাঝে ঈদ সামগ্রি বিতরণ।

দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, ইঞ্জি. মো. আব্দুল আউয়াল, ২৯, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫ কর্তৃক প্রকাশিত এবং আমানুল্লাহ নোমান কর্তৃক সম্পাদিত। ফোন : ৯১১৬৫৭২, ০১৮১৯-৫৫৮১৪১